

১। **কমান্ডার খুলনা নৌ অঞ্চল ক্রিকেট প্রতিযোগিতা।** গত ০১ নভেম্বর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। তিতুমীর দল ৩০ রানে মোংলা দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল ক্রিকেট প্রতিযোগিতার খন্ডচিত্র।

২। **ডি- কমিশনিং অনুষ্ঠান।** গত ০৯ নভেম্বর ২০২২ তারিখ খুলনা নেভাল বার্থে বানোজা কর্ণফুলী ও বানোজা তিস্তার ডি-কমিশনিং অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার ফ্লোটিলা ওয়েস্ট রিয়ার এডমিরাল শাহীন রহমান, এনইউপি, এনডিসি, এনসিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ বানোজা কর্ণফুলী ও বানোজা তিস্তার ডি-কমিশনিং অনুষ্ঠান এর খন্ডচিত্র।

৩। **ডিএনআই কর্তৃক বানোজা শের-ই-বাংলা পরিদর্শন।** গত ১১ ও ১২ নভেম্বর ২০২২ তারিখ পরিচালক নৌ গোয়েন্দা পরিদপ্তর কমন্ডার মোহাম্মদ মনিরুজ্জামান,(ট্যাজ),এনজিপি,পিএসসি,বিএন বানোজা শের-ই-বাংলা পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি শের-ই-বাংলার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ ঘুরে দেখেন এবং প্রকল্প কাজের অগ্রগতি সম্পর্কে খোজ খবর নেন।



চিত্রঃ ডিএনআই কর্তৃক বানোজা শের-ই-বাংলা পরিদর্শনের স্থির চিত্র

৪। **DW&CE (N) কর্তৃক সোলাম পরিদর্শন**

গত ১৫ নভেম্বর ২০২২ DW&CE (N) কমডোর এ এন এম ফয়জুর রহমান, পিএসসি, বিএন সোলাম পরিদর্শন করেন। তিনি সোলামে নির্মাণাধীন গার্ডরুম, মেইন গেট ও মসজিদসহ চলমান সকল উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন এবং কাজসমূহ যথাসময়ে সমাপ্তির জন্য নির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ DW&CE (N) কর্তৃক সোলাম পরিদর্শন স্থির চিত্র

৫। **সশস্ত্র বাহিনী দিবস উদযাপন।**

গত ২১ নভেম্বর ২০২২ যথাযোগ্য মর্যাদায় ‘সশস্ত্র বাহিনী দিবস - ২০২২’ উদযাপিত হয়। দিবসটি উপলক্ষ্যে অত্র নৌঅঞ্চলের সকল মসজিদে বাদ ফজর সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর সমৃদ্ধি, অগ্রগতি ও কল্যাণ কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। ‘সশস্ত্র বাহিনী দিবস - ২০২২’ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও নৌবাহিনী প্রধান কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করে শোনান হয়। এছাড়াও দিবসটি উপলক্ষ্যে বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়।





চিত্র-২ঃ সশস্ত্র বাহিনী দিবস উদযাপনের স্থির চিত্র।

৬। **সংবর্ধনা ও প্রীতিভোজ।** গত ২১ নভেম্বর ২০২২ তারিখ 'সশস্ত্র বাহিনী দিবস' উপলক্ষ্যে কমান্ডার খুলনা নৌ অঞ্চলের আয়োজনে অত্র অঞ্চলের বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে এক সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে খুলনা অঞ্চলের উচ্চপদস্থ সকল সামরিক ও বেসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত দিবস উপলক্ষ্যে বানোজা তিতুমীরের আয়োজনে প্রীতিভোজ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে সংবর্ধনা অনুষ্ঠান ও প্রীতিভোজের এর খন্ডচিত্র।

৭। **সহকারী নৌ বাহিনী প্রধান (পার্সোনেল) এবং পরিচালক নৌ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক বানোজা শের-ই-বাংলা পরিদর্শন।** গত ২৪ নভেম্বর ২০২২ সহকারী নৌ বাহিনী প্রধান(পার্সোনেল) রিয়ার এডমিরাল মোঃ মোজাম্মেল হক ,এনবিপি ওএসপি, এনইউপি, এনডিসি, পিএসসি বানোজা শের-ই-বাংলায় আগমন করেন এবং তিনি চলমান পূর্তকাজ পরিদর্শন করতঃ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও পরিচালক নৌ প্রশিক্ষণ পরিদপ্তর কমডোর মোহাম্মদ জয়নাল আবেদীন (এনডি), এনজিপি , এনডিসি, এফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, বিএন ভারপ্রাপ্ত কর্মকর্তা জেটিআই এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয় উক্ত পরিদর্শনে উপস্থিত ছিলেন।



চিত্র-৪ঃ সহকারী নৌ বাহিনী প্রধান (পার্সোনেল) এবং পরিচালক নৌ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক বানোজা শের-ই-বাংলা পরিদর্শন এর স্থির চিত্র।

সীমিত

৮। **উদ্বোধন।** গত ২৯ নভেম্বর ২০২২ তারিখ মাননীয় নৌ বাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি নবীন নাবিক ডাইনিং হল, বানৌজা তিতুমীর ঘাঁটিতে অবস্থিত এরিয়া ক্যান্টিন এবং গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ড সংলগ্ন মাল্টিপারপাস ড্রিলশেড, বিএন ফ্লিট ক্লাব খুলনা এবং নাবিক আবাসিক GjvKv মসজিদ উদ্বোধন করেন। এ সময় খুলনা নৌ অঞ্চলের বিভিন্ন স্থরের কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ নবীন নাবিক ডাইনিং হল উদ্বোধন এর চিত্র।



চিত্রঃ এরিয়া ক্যান্টিন উদ্বোধন এর চিত্র।



চিত্রঃ মাল্টিপারপাস ড্রিলশেড উদ্বোধন এর চিত্র।



চিত্রঃ বিএন ফ্লিট ক্লাব খুলনার উদ্বোধন এর চিত্র।



চিত্রঃ নাবিক আবাসিক এলাকা মসজিদ উদ্বোধন এর চিত্র।

৯। **নবীন নাবিক বি/২০২২ ব্যাচের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ।** গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে বি/২০২২ ব্যাচের নবীন নাবিকদের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। মাননীয় নৌ বাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে সালাম গ্রহণ ও প্যারেড পরিদর্শন করেন এবং মূল্যবান ভাষণ প্রদান করেন। কুচকাওয়াজ অনুষ্ঠানে সেনা, নৌ ও বিমান বাহিনীর উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ, সংসদ সদস্যগণ ও বিভিন্ন স্তরের আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। শিক্ষা সমাপনী কুচকাওয়াজ উপলক্ষে ফ্লোটলা স্পোর্টস গ্রাউন্ডে হালকা নাস্তার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় নৌবাহিনী প্রধান, প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ সহ শিক্ষা সমাপনী কুচকাওয়াজে আমন্ত্রিত সকল অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।





চিত্রঃ নবীন নাবিক বি/২০২২ ব্যাচের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ এবং নাস্তার আয়োজনের খন্ডচিত্র।

১০। ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্বোধন। গত ২৯ নভেম্বর ২০২২ তারিখ বিএনএফডব্লিউএ এর প্রেসিডেন্ট বেগম মনিরা রওশন ইকবাল শিশু নিকেতন স্কুল, খুলনার সম্ভ্রসারিত ভবনের উদ্বোধন করেন এবং গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ বানৌজা তিতুমীর ঘাটিতে বিএন লেডিস ক্লাবের ভিত্তি প্রস্তর স্থাপন ও বানৌজা তিতুমীরে অফিসার্স এভিনিউ পার্কের উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে মাননীয় নৌবাহিনী প্রধান, কমান্ডার খুলনা নৌ অঞ্চল ও কমান্ডার ফ্লোটিলা ওয়েস্ট সহ উচ্চ পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ শিশু নিকেতন স্কুলের সম্ভ্রসারিত ভবন উদ্বোধন এর চিত্র।

চিত্রঃ অফিসার্স এভিনিউ পার্কের উদ্বোধন এর চিত্র।



চিত্রঃ বিএন লেডিস ক্লাব খুলনার ভিত্তি প্রস্তর স্থাপন এর চিত্র।

১১। বিএনএফডব্লিউএ খুলনার আয়োজনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী। গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ বেগম মনিরা রওশন ইকবাল বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন এবং পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ বিএনএফডব্লিউএ খুলনার আয়োজনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী এর খন্ডচিত্র।